# টেকনিক্যাল ও ড্যান কমিটির নীতিমালা

বাংলাদেশ কারাতে ফেডারেশন

BANGLADESH KARATE
FEDERATION

**টেকনিক্যাল ও ড্যান কমিটির নীতিমালা**

## ১. সাধারণ প্রবিধান

১.১ বাংলাদেশ কারাতে ফেডারেশনের টেকনিক্যাল ও ড্যান গ্রেডেশন কমিটি হলো কারাতের টেকনিক্যাল বিষয়ে সর্বোচ্চ কমিটি এবং টেকনিক্যাল ব্যাপারে বাাংলাদেশ কারাতে ফেডারেশনের পরামর্শক কমিটি হিসেবে কাজ করবে। এটি বাাংলাদেশ কারাতে ফেডারেশনের সাধারণ সম্পাদকের সুপারিশে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির অনুমোদনে তৈরী হবে।

১.২ এটি কারাতের প্রধান ৪টি স্টাইলের যথা সোতোকান, সিতোরিও, গোজুরিও এবং ওয়াদোরিও স্টাইলের প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থীদের জন্য অনুসরণযোগ্য অভিন্ন টেকনিক্যাল মানদন্ড তৈরী করবে।

১.৩এটি উপরোক্ত কারাতের প্রধান ৪টি স্টাইলের ড্যান (Dan) পরীক্ষার এবং ড্যান সার্টিফিকেট (Dan Certificate) প্রদানের ব্যবস্থা করবে।

১.৪ এটি পরবর্তী অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত নিয়মানুসারে প্রয়োজনীয় ক্ষেত্রে ড্যান আপগ্রেডেশনের ব্যবস্থা করবে।

১.৫ এটি পরবর্তী অনুচ্ছেদ ৫.০ এ বর্ণিত নিয়মানুসারে প্রয়োজনীয় ক্ষেত্রে সম্মানসূচক ড্যান প্রদানের ব্যবস্থা করবে।

১.৬এটি শৃংখলাভঙ্গজনিত অপরাধে যেকোন ড্যান গ্রহীতার ড্যান সার্টিফিকেট বাতিল এবং স্থগিত করতে পারবে।

১.৭ এটি ড্যান পরীক্ষা সংক্রান্ত নীতিমালার যা অনুচ্ছেদ ৩ এ বর্ণিত আছে, তার প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে। সকল পরিবর্তন অবশ্যই গণবিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হবে।

১.৮এটি বাংলাদেশে কারাতের মান উন্নয়নে বাৎসরিক টেকনিক্যাল সেমিনার আয়োজন করবে যেখানে প্রধান ৪টি স্টাইলের টেকনিক্যাল বিষয়টি বিস্তারিত আলোচিত হবে।

১.৯ টেকনিক্যাল কমিটি বাাংলাদেশ কারাতে ফেডারেশনের জাতীয় কোচ নিয়োগের পূর্বে যাচাই বাছাই করে সংক্ষিপ্ত তালিকা তৈরী করবে এবং চূড়ান্ত মনোনয়নের জন্য সুপারিশসহ নির্বাহী কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব করবে। নির্বাহী কমিটির অনুমোদনের পর তা কার্যকর করার জন্য কোচেস কমিটির নিকট হস্তান্তর করা হবে।

## ২. দায়িত্ব ও কর্তব্য

২.১ বাাংলাদেশ কারাতের ফেডারেশনের আয়োজিত সকল চ্যাম্পিয়নশীপের বাই-লজ পর্যালোচনা করা ও নির্বাহী কমিটির চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করা।

২.২ WKF এবং কারাতের প্রধান ৪টি স্টাইলের জাপানভিত্তিক মূল আর্ন্তজাতিক কারাতে সংগঠনগুলোর প্রস্তাবিত ও গৃহীত বিবিধ টেকনিক্যাল পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন সমূহ পর্যালোচনা করা এবং বাংলাদেশের জন্য প্রাসঙ্গিক পরিবর্তন সমূহ টেকনিক্যাল স্ট্যার্ন্ডাড হিসেবে অন্তর্ভূক্ত করা, অন্তর্ভূক্ত টেকনিক্যাল স্ট্যার্ন্ডাড সর্বস্তরের কারাতে প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থীদের বুঝার সুবিধার্থে প্রচার ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।

২.৩ বাাংলাদেশ কারাতে ফেডারেশনের অধীনে প্রধান ৪টি স্টাইলের ড্যান পরীক্ষার সূচী প্রনয়ন করা, পরীক্ষার আয়োজন করা, পরীক্ষক নিয়োগ করা,পরীক্ষার মানদন্ড নির্দিষ্ট করা, ড্যান পরীক্ষার ফলাফল ঘোষণা করা ও নির্বাহী কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করা । ড্যান সার্টিফিকেট কেবলমাত্র বাাংলাদেশ কারাতে ফেডারেশনের প্রেসিডেন্ট ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরে ইস্যু হতে পারবে।

২.৪ নির্বাহী কমিটির অনুমোদনের জন্য বার্ষিক ড্যান আপগ্রেডেশন ও সম্মানসূচক ড্যান এর তালিকা তৈরী ও প্রয়োজনীয় সুপারিশ করা।

২.৫ ড্যান সার্টিফিকেট বাতিল ও স্থগিত করার ব্যাপারে নির্বাহী কমিটির নিকট সুপারিশ করা।

২.৬ বিদেশী কোচ নিয়োগে প্রার্থী তালিকা তৈরী, প্রার্থীদের যোগ্যতা যাচাই-বাছাই করে নির্বাহী কমিটির নিকট সুপারিশসহ প্রস্তাবনা করা।

## ৩. ড্যান গ্রেডেশন পদ্ধতি

৩.১ বাংলাদেশ কারাতে ফেডারেশন মূলত কারাতে এর ঐতিহ্যগত/বুনিয়াদী যোগ্যতার অগ্রগতির স্বীকৃতি স্বরুপ বিভিন্ন পর্যায়ের ড্যান প্রদান করে থাকে। কাজেই ড্যান গ্রেড সমূহ হলো কারাতের শাস্ত্রীয় যোগ্যতার স্বীকৃতি ।

৩.২ বাংলাদেশের কারাতে ফেডারেশন কেবলমাত্র বাংলাদেশের নাগরিককে ড্যান গ্রেড এ ভূষিত করতে পারবে। তবে কারাতে ফেডারেশনের ট্যাকনিক্যাল কমিটির বিশেষ অনুমোদন সাপেক্ষে বিদেশী নাগরিকরা ড্যান গ্রেড এ ভূষিত হতে পারবে।

৩.৩ নির্বাহী কমিটি কর্তৃক সংশোধিত হওয়ার পূর্ব পর্যন্ত বাংলাদেশ কারাতে ফেডারেশন কারাতের নিম্মোল্লেখিত প্রধান ৪টি স্টাইল এর ড্যান পরীক্ষা নিতে ও ড্যান সার্টিফিকেট প্রদান করতে পারবে:

১) সোতোকান

২) সিতোরিও

৩) গোজুরিও

৪) ওয়াদোরিও

৩.৪ ড্যান পরীক্ষা দেয়ার ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরন করা হবে:

ক) বাংলাদেশ কারাতে ফেডারেশন বছরে তিন বার কেন্দ্রীয়ভাবে ড্যান পরীক্ষার আয়োজন করবে।

খ) বাংলাদেশ কারাতে ফেডারেশন জেলা ক্রীড়া সংস্থা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থার অনুরোধ ক্রমে জেলা ও বিভাগীয় পর্যায়ে পরীক্ষা আয়োজন করতে পারবে। সেক্ষেত্রে নূন্যতম ২০ জন পরীক্ষার্থীর আবেদন ও পরীক্ষার ফি বাংলাদেশ কারাতে ফেডারেশনের ট্রেজারিতে জমা দেয়া সাপেক্ষে পরীক্ষা আয়োজন করা হবে।

গ) প্রতি জেলা বা বিভাগীয় পর্যায়ের পরীক্ষা বছরে ১ বার আয়োজন করা যাবে। তবে বাংলাদেশ কারাতে ফেডারেশনের সাধারণ সম্পাদকের বিশেষ ক্ষমতাবলে এবং নূন্যতম ২০ জন পরীক্ষার্থী হওয়া সাপেক্ষে ১ বছর পূর্ণ হওয়ার আগেই পুনরায় ড্যান পরীক্ষা নেয়া যেতে পারে।

ঘ) ড্যান পরীক্ষা নেয়ার ক্ষেত্রে নিম্নলিখিত সময়নীতি অনুসরন করতে হবে:

১ম ড্যান নূন্যতম ৩ বছর কারাতে করার অভিজ্ঞতা
২য় ড্যান ১ম ড্যান প্রাপ্তির ১ বছর পর
৩য় ড্যান ২য় ড্যান প্রাপ্তির ২ বছর পর
৪র্থ ড্যান ৩য় ড্যান প্রাপ্তির ৩ বছর পর
৫ম ড্যান ৪র্থ ড্যান প্রাপ্তির ৪ বছর পর
৬ষ্ঠ ড্যান ৫ম ড্যান প্রাপ্তির ৬ বছর পর
৭ম ড্যান ৬ষ্ঠ ড্যান প্রাপ্তির ৭ বছর পর
৮ম ড্যান ৭ম ড্যান প্রাপ্তির ৭ বছর পর

ঙ) ড্যান পরীক্ষা নেয়ার জন্য বাংলাদেশ কারাতে ফেডারেশনের টেকনিক্যাল ও ড্যান কমিটির সুনির্দিষ্ঠ পরীক্ষক প্যানেল থাকতে হবে। পরীক্ষক প্যানেল এ টেকনিক্যাল মেনুয়ালের মানদন্ডের আলোকে ড্যান পরীক্ষা নিবে। বাংলাদেশ কারাতে ফেডারেশনের টেকনিক্যাল ও ড্যান কমিটির চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ড্যান পরীক্ষায় কৃতকার্যদের তালিকা সাধারন সম্পাদক ও প্রেসিডেন্টের অনুমোদন সাপেক্ষে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

চ) ১ম ড্যান থেকে ৫ম ড্যান পর্যন্ত পরীক্ষা বাধ্যতামূলক ৬ষ্ঠ ড্যান হতে পরবর্তী সকল ড্যানের ক্ষেত্রে অনুচ্ছেদ ৪ অনুসৃত হবে।

## ৪. ড্যান আপগ্রেডেশন

ড্যান আপগ্রেডেশনের ব্যাপারে বাংলাদেশ কারাতে ফেডারেশনের টেকনিক্যাল ও ড্যান গ্রেডেশন কমিটি নিম্নলিখিত কার্যপ্রনালী অনুসরন করবেঃ

৪.১ বাংলাদেশ কারাতে ফেডারেশনের ৬ষ্ঠ ড্যান হতে তৎপরবর্তী ড্যান সমূহ আপগ্রেডেশনের মাধ্যমে প্রদান করবে। বিবেচ্য প্রার্থীর বয়স নূন্যতম ৪০ বছর হতে। আপগ্রেডেশনের জন্য বিবেচনার সম্পূর্ণ এখতিয়ার বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির।

৪.২ পূর্ববর্তী ড্যান প্রাপ্তি হতে নির্ধারিত সময় অতিক্রম হতে হবে।

৪.৩ বয়স নূন্যতম ৪০ বছর হতে হবে।

৪.৪ টেকনিক্যাল ও ড্যান গ্রেডেশন কমিটি এই মর্মে সিদ্ধান্তে পৌঁছাতে হবে যে, আপগ্রেডেশনের জন্য বিবেচ্য ব্যক্তি কারাতে, প্রশিক্ষণ, প্রচার, প্রসারে সক্রিয়ভাবে জড়িত এবং উক্ত আপগ্রেডেশন বাংলাদেশের কারাতের উনড়বয়নে ভূমিকা রাখবে। আপগ্রেডেশনের জন্য অবশ্যই টেকনিক্যাল ও ড্যান গ্রেডেশন কমিটি লিখিত ব্যাখ্যাসহ নির্বাহী কমিটির নিকট সুপারিশ প্রদান করবে। সকল আপগ্রেডেশন নির্বাহী কমিটির সভায় অনুমোদিত হতে হবে।

৪.৫ এই নীতিমালা অনুমোদনের ৬ মাসের মধ্যে পূর্ববর্তী সকল ড্যান আপগ্রেডেশনের চূড়ান্ত তালিকা প্রদান করবে এবং তৎপরবর্তী সকল গ্রেডেশন ও আপগ্রেডেশন বর্তমান নীতিমালা অনুসরণ করে করতে হবে।

৪.৬ আপগ্রেডেশন বাবদ ফি এর তালিকা নির্বাহী কমিটির সভায় নির্ধারিত হবে।

## ৫. সম্মানসূচক ড্যান

৫.১ বাংলাদেশের কারাতের উন্নয়ন, প্রচার, প্রসারে সবিশেষ অবদান রাখার জন্য সম্মানসূচক ড্যান দেয়া যেতে পারে। সম্মানসূচক ড্যান কারাতের টেকনিক্যাল দক্ষতা বা যোগ্যতার স্বীকৃতি নয় বরং এটা প্রদানের বিবেচ্য বিষয় সমূহ হবে**:**

ক) কারাতের প্রসারে উল্লেখযোগ্য অবদান রাখার স্বীকৃতি স্বরূপ

খ) বাংলাদেশের কারাতেকে আর্ন্তজাতিক অঙ্গনে উল্লেখযোগ্য সম্মানজনক অবস্থানে নেয়ার স্বীকৃতি স্বরূপ

গ) কারাতের উন্নয়নে উল্লেখযোগ্য আর্থিক অবদান রাখায়

৫.২ সম্মানসূচক ড্যান প্রদান করা হবে বাংলাদেশ কারাতে ফেডারেশনের টেকনিক্যাল ও ড্যান কমিটির বিশেষ সুপারিশে। এধরনের ড্যান প্রদানে কমিটি, বাংলাদেশ কারাতে ফেডারশনের সাধারণ সম্পাদকের মতামতকেও বিবেচনায় নিতে হবে। সম্মানসূচক ড্যান অবশ্যই নির্বাহী কমিটির সভায় অনুমোদিত হতে হবে।

৫.৩ সম্মান সূচক ড্যান প্রাপ্ত ব্যাক্তি উক্ত ড্যান মর্যাদার উপর ভিত্তি করে বাংলাদেশ করাতে ফেডারেশনের কোন টেকনিক্যাল দায়িত্ব পালন করতে পারবে না।